সুরকার হেমন্ত

হেমন্ত মুখোপাধ্যায় ও স্ত্রী বেলা

হেমন্ত মুখোপাধ্যায়

"ভগবানের কণ্ঠ যদি কখনও শুনতে পাওয়া যেত তবে সেটা হেমন্তর মত হত।"

---জনৈক বন্ধু

বাঙলা গানের জগতে হেমন্ত মুখোপাধ্যায়ের নাম জানেন না এমন বাঙালী একজনও পাওয়া যাবে বলে মনে হয় না। বাঙলা গানের জগতের প্রায় পাঁচ দশকের অধিক সময় ধরে সুরসৃষ্টি ও সঙ্গীত পরিবেশন করে গেছেন হেমন্তবাবু। তিনি নিজে এককভাবে একটি প্রতিষ্ঠান ছিলেন এবং সেটি বাঙলা গানের জগতের বৃহত্তম এবং শ্রেষ্ঠতম প্রতিষ্ঠান। অদ্ভুত মিষ্টি স্নেহভরা কণ্ঠস্বরের অধিকারী হেমন্তবাবুর ভাব এবং শৈলী বাঙালী জীবনের প্রতীক, রূপক এবং আদর্শ। সেই কথাগুলি যে কেউ অন্য কোন ভাবে বলে হেমন্তবাবুর উচ্চারিত সঙ্গীতাংশের সঙ্গে তুলনা করলে বুঝতে পারবেন পার্থক্যটা কতটা। এর কারণ ব্যক্তিজীবনে চলনে বলনে তাঁর যে আচরণ তাই বেরিয়ে আসত তাঁর গলায়। আর তা ছিল বাঙালীর অন্তকরণের ভাষা, ভাব আর মধ্যবিত্ত জীবনশৈলীর বহিঃপ্রকাশ। কথায় যতদুর বোঝানো সম্ভব তা বলা হয়ে গেল। হেমন্তবাবু যে বাঙালীর প্রতিনিধিত্ব বা নেতৃত্ব করতেন সেই বস্তুটিই ধীরে ধীরে এক্‌স্টিংক্ট হয়ে যাচ্ছে। সেই প্রাণভ্রমরা এখন কোটিতে গুটির মধ্যে কোন রকমে বেঁচে আছে। তাও ধারকরা অধিকাংশই জীবনের সিংহভাগ বা কার্যকরী জীবন পার করে এসেছেন বেশ কিছুকাল আগে। আর তাঁর বিচরণভূমি ও কলিকাতার কর্মভূমির অবক্ষয় ঘটতে ঘটতে এখন আর চেনার উপায় নাই। কিছুদিনের মধ্যে কালের গ্রাসে চলে যাবে তাঁর স্মৃতি। সেই উদাস করা মন ভোলানো কণ্ঠস্বরও বাইশশো ওয়াটের ভগ্ ভগ্ সহ দৃশ্যগানের দাপটের নীচে চাপা পড়ে যাবে। কারণ শ্রোতাদের 'থ্রেশোল্ড' হেমন্তবাবুর লেভেল এর কয়েক পর্দা উপরে। আর কানের ডিসক্রিশন শক্তির দফা রফা হয়ে গেছে। সূক্ষ্ম জিনিসের উপলব্ধির ক্ষমতা লোপ পেয়ে জান্তব ইনস্টিংক্ট, রিফ্লেক্স ও সেন্সিটিভিটির উদয় হয়েছে। তবু সর্বশ্রেষ্ঠ এই শিল্পীর শ্রেষ্ঠ সৃষ্টিগুলির মূল্য যা ছিল তাই থাকবে। বঙ্গদর্শনের এই প্রয়াসে মানুষ হেমন্তবাবুর সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরার চেষ্টা হল। কিছুটা গম্ভীর প্রকৃতির হেমন্তবাবুর অনেক বন্ধুবান্ধব কিংবা ঘনিষ্টজন ছিলেন না। মূলত সাংবাদিকদের কাছে বলা তাঁর জীবনের কথাই এই রচনার ভিত্তি। অনেকেই তাঁকে জানতেন, তাঁর পরবর্তী প্রজন্মে পুত্র, কন্যা, পুত্রবধূরা বর্তমান, কিন্তু এর বেশী তাঁদেরও জানা নেই। স্নিগ্ধ স্বরের স্নিগ্ধস্বভাবের হেমন্তবাবুর জীবনের বা কর্মের বা চিন্তাধারার অধিকাংশই অন্তরে, আমরা জমাট হয়ে যাওয়া সাগরের উপরে বরফে যা দেখা গেছে তাই নিয়ে সন্তুষ্ট হই। কারণ এ ছাড়া উপায় নাই। বঙ্গদর্শনের পক্ষে পাঠকদের অনুরোধ করা হচ্ছে, যাঁরা আরও কিছু জানেন, সেগুলি আমাদের গোচরে আনুন। সেই মহামানবের স্মৃতির প্রতি সুবিচার করতে পারলে সকলেই তৃপ্ত হবেন। তাঁর আত্মা তৃপ্ত হবে একথা বলার সাহস আমাদের নাই, কারণ তিনি ছিলেন সেল্‌ফ কম্প্লিট। পরবর্তী জীবনে তাঁর প্রায় পঁচিশ বছর বয়স হল, কোথায় কাদের কানে তিনি মধুবর্ষণ করছেন তা আমাদের জানা নেই। সে সুরের ঝড়, সেই মাতন, সেই আত্মমগ্ন বিবৃতির পুনরাবৃত্তি আশা করে 'পুনরাগমনায়' চ বলে গৌরচন্দ্রিকা শেষ করি।

অবিভক্ত বঙ্গের অবিভক্ত ২৪ পরগনা জেলার (বর্তমান দক্ষিণ ২৪ পরগণা জেলার জয়নগর ১ নং ব্লকে) বহড়ু গ্রামে বাঙলার বাঙালীর সর্বশ্রেষ্ঠ সঙ্গীত প্রতিভা হেমন্ত মুখোপাধ্যায়ের পৈত্রিক বাড়ী। তাঁর পিতার নাম কালীদাস মুখোপাধ্যায়, মায়ের নাম কিরণবালা দেবী। তাঁর বাবা ছিলেন বাবা মায়ের একমাত্র পুত্র সন্তান। হেমন্তর ঠাকুরদার এক কন্যা সন্তান ছিল, কিন্তু তিনি অল্প বয়সে মারা যান। কার্যত হেমন্তর বাবা একমাত্র সন্তান। ১৯২০ খ্রীষ্টাব্দের ১৬ জুন তারিখে কাশীতে মামার বাড়ীতে হেমন্তর জন্ম হয়। সে সময় তাঁর মাতা বাপের বাড়ীতে ছিলেন। বহড়ু গ্রামটি শিয়ালদহ স্টেশন থেকে ৪৫ কিলোমিটার দক্ষিণে (জয়নগরের আগের স্টেশন) অবস্থিত। তাঁর আট

বৎসর বয়স পর্যন্ত হেমন্তর পরিবার বহড়ু গ্রামে ছিলেন। প্রায় একশ বৎসর পূর্বের দক্ষিণবঙ্গের এই শ্যামল শান্ত গ্রামটির কথা হেমন্ত পরিবর্তী জীবনে বহুবার উল্লেখ করেছেন। অতিব্যস্ত হয়ে যাওয়ার আগের সময় পর্যন্ত তিনি আত্মীয় বন্ধু ও খুড়তুতো জ্যেঠতুতো ভাইদের সঙ্গে বেশ কয়েক বার বহড়ু বেড়িয়ে এসেছেন। সেখানে উল্লেখযোগ্য বা ব্যাপক কোন পরিবর্তন হয়নি দেখে আনন্দ প্রকাশ করেছেন। এত কথা বলার কারণ এই যে ব্যক্তি হেমন্তর স্নেহমেদুর আবেগ ও রোমাণ্টিক প্রকাশভঙ্গী আর শুদ্ধ মার্জিত চালচলন এই বিশুদ্ধ বাঙালী গ্রামের পরিবেশের মিরর ইমেজ। শুদ্ধাচারী ব্রাহ্মণ পরিবারের আত্মসম্ভ্রম তিনি আজীবন রক্ষা করে গেছেন। অজস্র বিপরীত প্রভাবের মধ্যে থেকে কাজ করে তিনি মূল থেকে বিচ্যুত হননি। তিনি নিজে বহু ব্যাপারে এক্স্যাম্পল সেট করে গেছেন। সেই সব ভাবের উৎপত্তি এই অখ্যাত বহড়ু গ্রামে। তিনি নিজের শৈশবের সম্বন্ধে যা বলে গেছেন তা অকিঞ্চিৎকর হলেও বেশ গুরুত্বপূর্ণ। এখানেই তিনি যাত্রার বা পালাগানের রস প্রথম উপলব্ধি করেন। তাঁদের আমলে তালপাতার উপরে ভুসোকালি দিয়ে লেখার সূত্রপাত তিনি স্মৃতিচারণ করতে গিয়ে মনে করেছেন। যদিও স্লেট খড়ি পরে এসেছিল, কিন্তু খাগের কলম ভুসো কালি ও তালপাতার উপর লেখার কথা তিনি ভুলতে পারেন নি। ব্যক্তিত্বময়ী মা ও কলিকাতা প্রবাসী হপ্তাবাবু গম্ভীর বাবার শাসনে হেমন্ত খুব একটা দুরন্ত বা সাধারণ ঘুরে বেড়ানো টাইপের ছেলেও ছিলেন না। তিনি মোটামুটি শান্ত স্বভাবের শিশু ছিলেন। এই দোষ বা গুণের জন্যই তিনি মনোযোগ দিয়ে গান শোনা বা অন্য যে কোন কাজ করতে পারতেন। গানের প্রতি তাঁর আকর্ষণ, এই সব যাত্রা, পালাকীর্তন, কেষ্টযাত্রা, পুতুল নাচ ইত্যাদি প্রচলিত গানের আসরে যেতে যেতেই তৈরী হয়। পরবর্তী কালে হেমন্ত বহড়ুর জমিদার ভঞ্জদের কথা উল্লেখ করেছেন। এই সব অনুষ্ঠান তাঁদের বাড়ীতেই বেশি হত। বহড়ুর গ্রামীণ জীবনে হেমন্ত ডাংগুলি খেলতেন কিনা, তাঁর কত ডজন ভাঁটা বা মার্বেল ছিল, লাট্টু খেলতে শিখেছিলেন কিনা, হাডুডুতে তিনি কতটা পারদর্শী ছিলেন, গাছের ডাল ধরে ঝালঝালুটি খেলতেন কিনা, পোকামাকড়, গরুবাছুর, গাছ লাগানো, ফুল তোলা, নষ্টচন্দ্রে দুষ্টুমির চুরি করা, এসবের কি কতটা তিনি করেছেন তা কেউ জানে না। সম্ভবত উল্লেখযোগ্য কিছু নয়। তখনকার দিনের নিম্নবিত্ত ব্রাহ্মণ পরিবারে চাষবাসের উদ্যোগও ততটা ছিল না। ভাগভুতো দিয়ে খোরাকী পেলেই তাঁদের চাষ হয়ে যেত। বাবাঠাকুরদের জমি ছেলেঠাকুররাই চাষ করত। তাঁরা আল মাড়াতেন বলে মনে হয় না। তাই সম্ভবত হেমন্তর এই ধরণের কোন স্মৃতির কথা আলোচিত হয়নি। হেমন্ত বার বার তাঁর পিতামহীর কথা স্মরণ করতেন। তাঁর স্নেহের কথা, তাঁর সুন্দর অথচ ব্যক্তিত্বময় আচরণের কথা। যদিও স্ট্রংম্যান ঠাকুরদাদার সম্বন্ধে খাদ্যরসিকতা ছাড়া অন্য কোন কথা তিনি উল্লেখ করেননি। কিন্তু এই ঠাকুরদাই হেমন্তর প্রকৃত অভিভাবক ছিলেন এবং তিনি সযত্নে নাতিটিকে পালন করেছেন। পা মচকে যাওয়ার পর তিনি নিজেই হেমন্তর পা আয়ুর্বেদিক মতে ব্যাণ্ডেজ করে সারিয়ে তোলেন। মাত্র আট বছর বয়সে বহড়ু ছেড়ে কলকাতায় আসেন হেমন্ত। ভবানীপুরের রূপনারায়ণ নন্দন লেনে বাসা করেন হেমন্তর বাবা। কলকাতায় আসার পরও অনেক বার বহড়ুর বাড়ীতে গিয়েছেন হেমন্ত। কৈশোরের সেই স্মৃতিও তাঁর জীবনে উজ্জ্বল হয়ে থেকে গিয়েছিল। বহড়ুর গাছগাছালি, পাখপাখালি, শিশিরভেজা ঘাস, পায়ে চলার পথ, ছায়া আর রোদে বাতাসে সদা চঞ্চল বিস্তীর্ণ ধানের ক্ষেত, সবই হেমন্তের কণ্ঠে আশ্রয় নিয়েছিল। 'বিষ্ণুপ্রিয়া গো আমি চলে যাই' এই অদ্ভুত টানের বা 'ও নদীরে'র সম্মোহক রেশ সবেরই জন্মভূমি বহড়ুর প্রকৃতি।

ভবানীপুরে তাঁকে ভর্তি করা হল নাসিরুদ্দীন মেমোরিয়াল স্কুলের প্রাথমিক বিভাগে। এই বিদ্যালয়টি পরে মিত্র ইনস্টিটিউশনের অন্তর্ভুক্ত হয়ে যায়। ষষ্ঠ শ্রেণী পর্যন্ত নাসিরুদ্দীন মেমোরিয়াল স্কুলে পড়ার পর, হেমন্তকে মিত্র ইনস্টিটিউশনে ভর্তি করা হয় সপ্তম শ্রেণীতে। এই মিত্র ইনস্টিটিউশন থেকেই ১৯৩৭ খ্রীষ্টাব্দে তিনি ম্যাট্রিকুলেশন পাস করেন প্রথম বিভাগে। স্কুলে পড়তেই বন্ধু হয়ে যান পরবর্তী কালের বিখ্যাত কবি সুভাষ মুখোপাধ্যায়। লেখালেখিতে আগ্রহ জন্মে কিশোর বয়সেই। নিয়মিত প্রকাশ হত তাদের হস্তলিখিত পত্রিকা, তাঁদেরই ক্লাব কল্যাণ সঙ্ঘের পৃষ্ঠপোষকতায়। আর নিজের মত করে গান গাইতেন শৈশবকাল থেকেই। কখনও শিখেছেন বলে শোনা যায়না। চর্চা করতেন শুধু গুনগুনিয়ে। তবু সেই গান, সেই স্বর, কিশোর বয়সে বয়ঃসন্ধির বিকৃতি সত্বেও যে একবার

শুনত সে সারাজীবন মনে রাখতে বাধ্য হত। আরো বন্ধুবান্ধব ছিল বিদ্যালয়ে যারা হেমন্তর মতই স্কুলের বেঞ্চি বাজিয়ে গানের আসর বসাত। নাসিরুদ্দিন মেমোরিয়ালে ছিল আর এক বন্ধু অখিলবন্ধু ঘোষ। এভাবেই গানের চর্চা চলছিল নিজের মত করে, স্বশিক্ষিত হেমন্তের সম্পূর্ণ নিজের কায়দায়। প্রিয় বন্ধু সুভাষ মুখোপাধ্যায়ের কথা পূর্বেই উল্লেখ করা হয়েছে। লেখায় দীক্ষা তিনিই দিয়েছিলেন কিনা জানা নেই, কিন্তু তাঁর ইনস্পিরেশন যে কাজ করত তা অনস্বীকার্য। হেমন্তর পরবর্তী জীবনে বামপন্থী কমিউনিষ্ট চিন্তাধারা, গণসঙ্গীত ধরণের গান গাওয়া ও সুর দেওয়া এই সব ব্যাপারে সুভাষ মুখোপাধ্যায়ের প্রভাব লক্ষণীয়। এই সুভাষই নিয়ে গেলেন অল ইণ্ডিয়া রেডিওর গার্ষ্টিন প্লেস অফিসে। হেমন্ত প্রথম গান গাইলেন রেডিওতে। সেকালের প্রযুক্তিতে লাইভ ব্রড্‌কাষ্ট হল। চৌদ্দ বছরের বালক সচ্ছন্দে গাইলেন 'আমার গানেতে এলে নবরূপে চিরন্তনী' সুভাষ মুখোপাধ্যায় কথা বসিয়ে দিলেন কমল দাশগুপ্তর একটি প্রচলিত গানের সুরে। জন্ম হল শিল্পী বা পেশাদার শিল্পী হেমন্ত মুখোপাধ্যায়ের।

এর কিছুদিনের মধ্যেই অফ পিরিয়ডে ক্লাসে গান গাওয়ার অপরাধে হেমন্তকে স্কুল থেকে বহিস্কার করেন অ্যাসিস্ট্যাণ্ট হেড মাষ্টারমশাই। তাঁর বাবা কয়েকবার অপমানিত হয়েও ক্রমাগত ক্ষমাভিক্ষা করে সে যাত্রা ছেলেকে উদ্ধার করেন। না হলে ম্যাট্রিক পরীক্ষা দেওয়া সম্ভব হত না। তাঁর মায়ের ভূমিকা ছিল প্রশংসা করার মত। তিনি গৃহদেবতা দধিবামন তাঁদের উদ্ধার করবেন এই বিশ্বাসে বাবাকে চেষ্টা চালিয়ে যেতে উৎসাহিত করেন। গানবাজনার জন্য পড়াশুনার যথেষ্ট ক্ষতি সত্বেও তিনি ম্যাট্রিকে প্রথম বিভাগে পাস করলেন আর বাবা তাঁকে যাদবপুর ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি করে দিলেন উজ্জ্বল ভবিষ্যৎ এর কথা ভেবে। তবে ইঞ্জিনিয়ারিং পড়াটাও ঠিকমত করতেন না। গানেই অধিকাংশ সময় যেত। অল্পকালের মধ্যে দুটো গ্রামোফোন রেকর্ডও বেরিয়ে গেল। খ্যাতিও পেলেন, অনেকের প্রশংসা অর্জন করলেন। বুঝতে পারছিলেন গানের জগতে উন্নতি করতে গেলে ইঞ্জিনিয়ারিং এর মত সিরিয়াস পড়াশুনো করা সম্ভব নয়। মনে ছিল যে কোন একটা চাকরী করে গান নিয়েই থাকবেন। সেই চিন্তায় ইঞ্জিনিয়ারিং এ মনযোগ না দিয়ে শর্টহ্যাণ্ড টাইপ ইত্যাদি শিখে একটা চাকরী করার চেষ্টাতেই লেগে গেলেন। বেশ কয়েক বছর তিনি বাড়ী গিয়ে গান শেখানোর কাজ করেছেন অর্থর প্রয়োজন মেটাতে।

এই ফাঁকে হেমন্তবাবুর পরিবারের কথা একটু বলে নেওয়া যাক। হেমন্তর ঠাকুরমা গত হলেন তিনি বহড়ু ছাড়ার আগেই। তাঁর চান্দ্রায়ণ ব্রত (শরীর ত্যাগের আগেই শ্রাদ্ধ), অন্তর্জলী যাত্রা ও গ্রামে কবিরাজের চিকিৎসাশাস্ত্রে জ্ঞানের কথা আজীবন হেমন্ত মনে রেখেছিলেন। তাই কলকাতায় এলেন, হেমন্তর বাবা, ঠাকুরবাবা, তাঁরা চার ভাই ও একমাত্র বোন নীলিমা। গলির মধ্যে একতলার দুটি ঘরে এতজনের বাস। সুতরাং পড়াশুনো বা চলাফেরার মতই যথেষ্ট জায়গা ছিল না। গানের অভ্যাস করা বা যন্ত্রপাতির তো কোন প্রশ্নই ওঠে না। তাঁর বাবা আবার টিউশন পড়াতেন অফিস থেকে ফেরার পর। কিন্তু মায়ের যত্নে ও পরিশ্রমে তাঁদের সংসারে খাওয়া দাওয়া ও পড়াশুনার কোন অসুবিধা হয়নি। বড় ভাই শক্তিদাস ম্যাট্রিকে ভাল ফল করে আই এস সি পাস করতেই বাবা তাঁকে চাকরিতে ঢুকিয়ে দিলেন অল্প দিনেই বাবার বন্ধুর মেয়ের সঙ্গে বিয়ে হয়ে গেল তাঁর। মেজ হেমন্তর কথা পরে হবে। সেজ তারাজ্যোতি হেমন্তর কিছুটা ন্যাওটা। পড়াশুনাতেও ভাল, সাহিত্যে নাম করেছেন পড়ে। ছোট ভাই অমল নিজে একজন বিখ্যাত শিল্পী তাঁর "চুপ চুপ লক্ষ্মীটি" গানটি আজও জনপ্রিয়। তিনি বেশ কিছু গানে সুর দিয়েছেন। সঙ্গীত পরিচালনা করেছেন কয়েকটি সিনেমার। বোন নীলিমা গানের জগতে নাম করতে পারতেন। তাঁর কয়েকটি রেকর্ড বেরিয়েছিল। আকাশবাণীতে এক সময় নিয়মিত গান গেয়েছেন (বিবাহ পরবর্তী নীলিমা বন্দ্যোপাধ্যায় নামে) কিন্তু কখনই সিরিয়াসলি শেখেননি বা চর্চা করেননি। তাঁর ভল্যুম এবং রেঞ্জ যথেষ্ট উচ্চমানের। কিন্তু হেমন্তর কথা আলাদা। কুড়ি বছর বয়সের আগেই তিনি স্টার। যখন তাঁর 'কথা কয়োনাক শুধু শোন' গানের রেকর্ড প্রকাশিত হল তখন সকলে অবাক হয়ে গেল। আর "গাঁয়ের বধূ' বার হয়ে যাওয়ার পর তিনি সুবিখ্যাত হয়ে গেলেন।

BANGLADARSHAN

সুরের আকাশে হেমন্তর যখন উদয় হচ্ছে তখন কলকাতার সামাজিক অবস্থা খুব খারাপ। দ্বিতীয় মহাযুদ্ধের জন্য ফাংশন কমে গিয়েছিল। বহু মানুষ জাপানী বোমা থেকে বাঁচার জন্য নগর ত্যাগ করেছিল। আর সেই পঞ্চাশের মন্বন্তরও হয়েছিল এই সময়ে ১৯৪৩ খ্রীষ্টাব্দে। কিন্তু হেমন্তর গান বন্ধ হয়নি, রেকর্ডও বার হচ্ছিল। বিভিন্ন অনুষ্ঠানে গানও চলছিল। আর ছিল বামপন্থী বন্ধুদের সঙ্গে গণসঙ্গীত (তখন এই নামটা হয়নি) ও গণনাট্যের চর্চা এবং অনুষ্ঠান। রেডিওতে তখন হেমন্ত নিয়মিত শিল্পী। এই প্রায় এক দশক সময় তাঁর মায়ের প্রচেষ্টা প্রতিটি পদক্ষেপে হেমন্তকে উন্নতির পথে এগিয়ে যেতে সাহায্য করেছে। তিনি ঠাকুরকে (গৃহদেবতা দধিবামন) একটাই উদ্দেশ্য নিয়ে ডাকতেন, হেমন্ত যেন সঙ্গীতজীবনে প্রতিষ্ঠিত হয়। আর সেই কাজে ছেলেকে ধাপে ধাপে এগিয়ে দিতেন। কিন্তু নিজের প্রতিভার থেকে মায়ের অবদান অনেক বেশী একথা হেমন্ত বার বার বলতেন। মা সহায় না হলে হয়ত গানের চর্চা স্কুল জীবনেই শেষ হয়ে যেত। হেমন্ত পায়ের তলায় মাটি খুঁজে পাওয়ার অনেক আগেই দাদার বিয়ে হয়ে যাওয়াতে, অসুবিধা কিছু হলেও তাঁর লাইন ফ্রী হয়ে যায়। তবে স্বর্ণকণ্ঠের অধিকারী হেমন্তকে ঠিক কত জন বিয়ে করতে আগ্রহী ছিলেন তার পরিসংখ্যান কেউ রাখেনি। সংখ্যাটি বিস্ময়করভাবে বৃহৎ হলেও অবাক হবার কোন কারণ নেই। যাই হোক সেকালের গান বাজনার মহাতীর্থ অল ইণ্ডিয়া রেডিওর ক্যালকাটা স্টেশনে (আকাশবাণী কলিকাতা) হেমন্তর যাতায়াত ছিল ঘন ঘন। প্রায় সকলেরই মন জয় করে নিয়েছিলেন দীর্ঘদেহী গম্ভীরপ্রকৃতির মধুর স্বরের হেমন্ত। কিন্তু বেলা দেবী (কুমারী নামও বেলা মুখোপাধ্যায়) প্রায় প্রথম আলাপেই জিতে নিয়েছিলেন ট্রফি। অকথিত যোগসূত্র তৈরী হয়ে গেল প্রায় নিজেদের অজান্তে। পিতৃহীন বেলার বাড়ীতে হেমন্ত বাড়ীর ছেলে বা আধা অভিভাবক হয়ে গেলেন। এই বেলা কন্যাটিকে হালকা করে দেখবেন না পাঠকেরা, বিশেষতঃ যাঁরা বৃদ্ধ হননি তাঁরা। সে যুগে আকাশবাণীর ক্লাশ 'এ' আর্টিষ্ট ভোক্যাল ক্ল্যাসিকাল সিঙ্গার ছিলেন তিনি। আর তাঁর রূপ: প্রথম পৃষ্ঠায় গিয়ে মুখশ্রী দেখুন, সন্দেহের অবকাশ থাকবে না। গানের জগতে বেলার প্রথম মাইলস্টোন হল 'কাশীনাথ (১৯৪৩)' ছবিতে নেপথ্য সঙ্গীত। সুরকার ছিলেন পঙ্কজ মল্লিক। পরবর্তী কালে তাঁদের বিবাহ কিভাবে হল, বাবু ও রাণু ছেলেমেয়েরা কে কবে জন্মালো সব পরে বলা হবে। কিন্তু বেলাদেবী দেবদুর্লভ স্বামীরত্নটিকে যত্নে রাখার জন্য গান টান নিয়ে আর বিশেষ কিছু করেননি। তিনি তৃপ্ত ছিলেন, কিন্তু সম্ভবতঃ সঙ্গীতজগৎ কিছু পরিমাণে ঋদ্ধ হওয়ার একটি সুযোগ হারিয়েছে। হেমন্তর পরিবারে স্বামী ও ছেলেমেয়ে নিয়ে বেলাদেবী পরম সন্তোষে জীবন কাটিয়েছেন। গান দু একবার করেননি তা নয়। তবে অধিকাংশই অনুরোধ রক্ষার জন্য। অনেক সময় স্বামীর সঙ্গীত পরিচালনার ছবিতে গান করেছেন। কিছু সুর দিয়েছেন, ছবির প্রযোজক হয়েছেন। কিন্তু সবই স্বামীর ছায়া হিসাবে।

প্রায় সমবয়সী বেলা রেডিও স্টেশনে হেমন্তর আকর্ষণ বৃত্তে এসে যান। তখন হেমন্ত বহু সময় রেডিও স্টেশনে কাটাতেন। বেলাদের বাড়ী ছিল ----------। ছোটবেলায় তাঁর বাবার মৃত্যু হয়। মা তিন মেয়ে আর দুই ভাই কে নিয়ে সংসার চালাতেন। হেমন্ত বেলাদের বাড়ীতে যাতায়াত শুরু করেন পরিচয় হওয়ার অল্প দিন পর থেকেই। ঘরের ছেলের মতই হয়ে গিয়েছিলেন। আর বেলা সম্ভবতঃ কিছুদিনের মধ্যেই হেমন্তর ওপর নির্ভরশীল হয়ে পড়েছিলেন। নিজের হয়ে গেলে ভালবাসা শক্ত কাজ। এসব বিবেচনা করার প্রয়োজন হয়নি কখনও। বেলার মাও চলে গেলেন কয়েক বছরের মধ্যে। সর্বাপেক্ষা যুক্তিযুক্ত কাজ মনে করে হেমন্ত বেলাকে বিয়ে করলেন ১৯৪৫ খ্রীষ্টাব্দে। এই বিয়ে যেহেতু লাভ ম্যারেজ, পাত্রী সমবয়সী এবং সমগোত্রে বিবাহ, কিছু কথা কাটাকাটি হয়ে থাকবে। তবে তার উল্লেখ তিনি নিজে কখনও করেননি। যেহেতু বাড়ীর সঙ্গে সম্পর্ক বজায় ছিল, তিক্ততা খুব বেশী ছিল বলে মনে হয় না। প্রতিষ্ঠিত হয়ে প্রথমেই হেমন্ত রূপনারায়ণ নন্দন লেনের বাড়ীটি কিনে নেন। সেখানেই বাবা মা ও তাঁর দুই ভাই ও তাদের সংসার ছিল বহুদিন। তারপর ১৯৭৩ খ্রীষ্টাব্দে সেই বাড়ী দুই ভাইএর স্ত্রীদের নামে রেজিষ্ট্রি করে দেন। এছাড়াও দুই ভাইকে তিন কাঠা করে জায়গা কিনে দিয়েছেন তিনি। চিন্তা করুন এক এক জনকে কতটা দিয়ে গেছেন। সম্ভবতঃ ১৯৪৫-৪৬ থেকে হেমন্ত আর বেলা রূপনারায়ণ নন্দন লেনের বাড়ী ছেড়ে ইন্দিরা সিনেমার পাশে ইন্দ্র রায় রোডের বাড়ীতে চলে এলেন। পুত্র জয়ন্তর জন্ম হল ১৯৪৭ খ্রীষ্টাব্দে। কন্যা রাণুর জন্ম ১৯৫৪ খ্রীষ্টাব্দে।

বোম্বাই চলে যাবার পরও তিনিই পরিবারকে পালন করতেন। মাসিক দেড় হাজার টাকার বেতনের মধ্যে পাঁচশো টাকা পাঠাতেন বাড়ীতে। একবার লতা মঙ্গেশকরকে তাঁদের রূপনারায়ণ নন্দন লেনের বাড়ীতে নিয়ে গিয়েছিলেন। লতা অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে সেই অভিজ্ঞতার স্মৃতিচারণ করেছেন পরে, বলেছেন; আমাদেরও যদি ওইরকম একটা একান্নবর্তী পরিবার থাকত। মেনকা সিনেমার কাছে শরৎ চ্যাটার্জী অ্যাভেনিউতে তাঁদের বাড়ি (তিনতলার ফ্ল্যাট) তৈরী হল ১৯৭০ খ্রীষ্টাব্দে। "সনত বাবু"র কথা উল্লেখ না করলে অন্যায় হবে। হেমন্তর এই ড্রাইভার সনত মুখোপাধ্যায়কে পরিবারের সকলে সনতবাবু বলে ডাকতেন। এতটাই তার প্রতিপত্তি ছিল। হেমন্ত তাঁর ড্রাইভারকে কত যত্ন করতেন তা সকলের জানা। তাঁর মৃত্যুর পর ডায়েরী দেখে তিনি কত ছাত্রকে পড়িয়েছেন, দুস্থদের কত দান করেছেন তার সম্বন্ধে অল্প ধারণা হয়েছিল বেলা দেবীর। তিনি কখনও স্ত্রীকে পর্যন্ত বলেননি তাঁর দানধ্যানের কথা।

হেমন্ত কারও কাছে গান না শিখে এত বড় শিল্পী হয়েছেন একথা অবিশ্বাস্য হলেও সত্য। আসলে শিক্ষা ব্যাপারটা ফরম্যাল ছিল না। আর একটানা শিক্ষাও কারও কাছে করেননি। তিনি শিখেছেন, প্রয়োজন মত, প্রধানতঃ তাঁর অমূল্য কণ্ঠের সম্যক ব্যবহার কিভাবে করা যায় সেই চিন্তায়। যিনি এত বড় সঙ্গীত পরিচালক ছিলেন, তিনি যন্ত্রসঙ্গীত, কি ভোক্যাল কিছুই শেখেননি তা কি করে হয়? আগেও বলা হয়েছে, শিখতেন প্রায় সব জায়গার থেকে। বন্ধুবান্ধব, বয়ঃজ্যেষ্ঠ শিল্পীদের কাছে, এবং কাজের প্রয়োজনে রেকর্ডিং করার সময় ও আগে যেখানে যা হত সব শিখে নিতেন। তিনি হারমোনিয়াম বাজাতেন সুন্দর, কিন্তু মাসতুত দিদি লীলার কাছে প্রাথমিক শিক্ষা বাদ দিলে বাকীটা কাজ করতে করতেই হয়ে গেছে। যে ছেলে চৌদ্দ পনের বছর বয়স থেকে আসরে গান গাইছে, রেডিওতে প্রোগ্রাম করছে, তার শিক্ষা কাজের সময়ের মধ্যেই হয়ে যেত। মনে রাখতে হবে রেডিওতে তখন পঙ্কজ কুমার মল্লিকের প্রভাব খুব বেশী। তিনি নিজে বহু শিল্পী তৈরী করেছেন আর ফর্মাল মিউজিক এডুকেশন নিয়ে অনেক কাজ করেছেন। সুভাষ মুখোপাধ্যায়ও গান গাইতেন, কিছু শিক্ষা তাঁর কাছেও হয়ে থাকবে। তবে শিক্ষার ব্যাপারে একটা কথা উল্লেখ করে প্রকৃতির কণ্ঠস্বর হেমন্তর গান শেখার প্রসঙ্গ শেষ করব। তিনি কিছুদিন ওস্তাদ ফৈয়াজ খাঁর শিষ্য ফণীভূষণ বন্দ্যোপাধ্যায়ের কাছে শাস্ত্রীয় সঙ্গীত শিখেছিলেন। তবে তা দীর্ঘস্থায়ী হয়নি, কারণ বছর দেড়েকের মধ্যে ফণীবাবুর মৃত্যু হয়।

আপাতগম্ভীর হেমন্তর বাল্য বা কৈশোর অথবা প্রথম যৌবন চপলতার অভাবে ড্র্যাব বা ড্রীয়ারী বা বাংলা একঘেয়ে ছিল না। সেযুগের মাপকাঠিতে মার্জিত রুচির পরিবেশে হেমন্ত ও তাঁর বন্ধুর দল যথেষ্ট প্রাণচঞ্চল ছিলেন। লেখালিখি ও গানবাজনা সম্বন্ধে আগেই বলা হয়েছে। খেলাধুলোর ব্যাপারেও তাঁরা যথেষ্ট উৎসাহী ছিলেন। নিজেরা খেলেছেন, খেলা দেখেছেন, খেলিয়েছেন। ক্লাব, সাহিত্য, খেলাধুলা, এবং সে যুগের প্রগ্রেসিভ কমিউনিষ্ট চিন্তাধারার কর্মকাণ্ড সবই তাঁদের জীবনে যথাযোগ্য ভূমিকা নিয়েছিল। কিছুটা নাম হওয়ার পর হেমন্তর পরিচিতমহলের পরিধি বাড়তে লাগল। সঙ্গীতশিল্পীদের পরই নাট্য ব্যক্তিত্ব ও সিনেমা জগতের লোকজনের সান্নিধ্য বেশী করে পেলেন। আর এরই মধ্যে এল 'আই. পি. টি. এ.' গণনাট্য সঙ্ঘ। বহু শিকল ভাঙার গান, বিপ্লবের মহানির্ঘোষ, আর দরিদ্রের দুঃখকষ্টের ইতিকথা গানের মধ্যে তুলে ধরলেন কখনও কোরাসে, কখনও দুঃখভারাক্রান্ত অথবা নিঃসঙ্গ সোলো গানে। বাঙলায় একট নূতন গানের ধারা তৈরী হয়ে গেল যার নাম গণসঙ্গীত। অসংখ্য গানের এই রক্তিম ডালিটি মায়ের পায়ে অর্পিত হল হেমন্তর যুগে। যা ভাঙিয়ে পরবর্তী কমিউনিষ্ট নেতারা হাওয়া গরম রাখলেন অর্ধশতাব্দী। অন্ততঃ পঞ্চাশজন শিল্পী এই ধারায় হিট গান গেয়েছেন। অজানা শিল্পীর সংখ্যা কয়েক হাজার হবে।

এর আগে একজায়গায় বলা হয়েছে, বেলাদেবীর রূপের কথা। অনেকে ভাববেন হেমন্তর লাভ বেশী হয়েছিল। কিন্তু ছ'ফুট দেড় ইঞ্চি লম্বা সুপুরুষ হেমন্ত নিজেও প্রায় অতুলনীয়। পরিপাটী করে পরা ফিন ফিনে ধুতি আর কনুই পর্যন্ত হাত গোটানো বাঙলা শার্ট পরে, মাঝারি মোটা ফ্রেমের চশমা লাগিয়ে হেমন্ত সবসময়েই 'এ কাট অ্যাবভ দি আদার্স'। সহশিল্পীরা দর্শনেই ওভারহোয়েল্‌মড্ হয়ে যেতেন। যাঁরা বুদ্ধিমান বা বুদ্ধিমতী তাঁরা প্রথমেই

সারেণ্ডার করে স্নেহভাজন হয়ে হেমন্তর সুরক্ষাবৃত্তে চলে আসতেন। তাঁর চলন আভিজাত্যপূর্ণ, কথা মধ্যবিত্ত বাঙালীর আদর্শস্বরূপ। যেমন স্পষ্ট তেমনই মধুর নরম ভাবের। রেগে যেতেন মাঝে মাঝে, বিশেষতঃ সঙ্গীত পরিচালনা করতে গিয়ে হতাশা ও ক্ষোভ চেপে রাখতে পারেননি অনেক সময়। এই ক্ষুদ্র ব্যতিক্রম বাদ দিলে তাঁর অননুকরণীয় বাচন ভঙ্গী সকলের আদর্শ। যাঁরা তাঁকে ফাংশনে দেখেছেন, তাঁরা জানেন তাঁকে ইনফ্লুয়েন্স করা সহজ ছিল না। কিন্তু শ্রোতাদের অনুরোধ রক্ষা করতে চেষ্টা করতেন। দীর্ঘদেহী মানুষটির অন্তরে যে বহড়ু গ্রামের শিশুটি ছিল তার বহিঃপ্রকাশ প্রায়ই ঘটত। অনেককে তুই বলতেন, বয়ঃকণিষ্ঠদের সম্ভাষণ করতেন বেশ আদর করে। তাঁর ইউনিট এর লোকেরা বেশ ভয়ে ভয়ে থাকলেও নিশ্চিন্ত থাকতেন যে তাঁদের ভুলভ্রান্তি শুধরে দেবেন হেমন্ত। আর মনে রাখবেন না কে কবে কি করেছিল। অভাবী বা ওয়াণ্টন মানুষদের সস্নেহে কাছে টেনে নিতেন। সরল প্রকৃতির প্রতিমা বন্দ্যোপাধ্যায়কে তিনি স্নেহের আবরণে ঢেকে রাখতেন। তিনি কতটা পরোপকারী ছিলেন তা জানা গিয়েছিল তাঁর মৃত্যুর পরে তাঁর খাতাপত্র দেখে। কত ছেলেকে তিনি ইঞ্জিনিয়ারিং পড়ার খরচা দিয়েছেন, কার কি দায় উদ্ধার করতে সাহায্য করেছেন, তা সহধর্মিণী বেলাও সব জানতেন না। পড়ে তিনি বিভিন্ন প্রসঙ্গে এসবের কিছু কিছু উল্লেখ করেছেন। ছ'ফুট দেড় ইঞ্চি এই মানুষটি সুরসিক ছিলেন। তবে তা উচ্চ মানের রসিকতা। টাফ টাস্কমাস্টার ছিলেন হেমন্ত। শিল্পীর কাছে সঠিক সুরটি আদায় করে নিতেন। বার বার চেষ্টা করতেন আর করাতেন। একটি ঘটনার উল্লেখ করে প্রসঙ্গের সমাপ্তি করা যাক। বালিকা বধূর গান রেকর্ডিং এর সময় রবীন বন্দ্যোপাধ্যায় এর গলা বসে যায়। সব কাজ হয়ে গেছে। সেদিন না হলে আর এক দিনের স্টুডিও ভাড়া লেগে যাবে। প্রায় পঁচিশ হাজার টাকা। হেমন্তর মাথায় এল বাল্যকালের বৈদ্য মহাশয়ের স্মৃতি। তিনি লঙ্কাবাঁটা গুলে খাওয়ালেন শিল্পীকে। কি আশ্চর্য, গলা ঠিক হয়ে গেল ঘণ্টাখানেকের মধ্যে। আর নাগিনের যে 'বীন' শুনে সাপের থেকে মানুষ অনেক বেশী মুগ্ধ হয়েছে, তা তিনি অন্য কোন যন্ত্র কল্যাণজী আনন্দজীকে দিয়ে বাজিয়ে বাজী মাত করেছিলেন তা সবাই জানে। হেমন্তর ইনোভেশন অতুলনীয়। তাঁর জীবন যতটা বাস্তব ততটাই কল্পনার। এই দুই সত্বা মিলে মিশে একাকার বিশ সাল বাদের কুহেলিকার মত অবয়বহীন।

বাঙালী তথা ভারতের কোটি কোটি সঙ্গীতপ্রিয় মানুষের দুর্ভাগ্য যে হেমন্ত জন্মেছিলেন যুগসন্ধির কালে। তখন আধুনিক গানের কুঁড়িটি সবে ধরেছে। নারী তখনও ঘোমটা থেকে আধঘোমটার ট্রান্জিশনে। প্রেমের প্রকাশ তখনও অনভিপ্রেত। আর মাত্র কিছুদিন আগে নেপথ্যগায়ন বা প্লেব্যাক, সবাক চলচ্চিত্র ও মোটামুটি বিশ্বসনীয় রেকর্ডিং এর টেকনোলজি উদ্ভাবিত হয়েছে। যাত্রাগন্ধী সুর থেকে পরিশীলিত রোমাণ্টিক গানের যুগে উত্তরণের দুই দশকের মধ্যে হেমন্ত মধ্য তিরিশে পৌঁছে গেলেন। কয়েক ডজন দুর্দান্ত ডেলিভারী করলেও পরের দেড় দশকের মাথায় তা বয়সের কারণে স্তিমিত হয়ে এল। ফাঁকে ফাঁকে ফর্ম ফিরে পেয়ে অদ্ভুত কিছু সুর সৃষ্টি করলেও তাঁর কণ্ঠের স্বর্ণযুগের একাংশ মাত্র গানের জগতকে ঋদ্ধ করতে পেরেছে। যখন তাঁর ভয়েস ভগবানের কণ্ঠ ছিল সে যুগে প্রকাশিত গানের সংখ্যা আরও অনেক বেশী হওয়ার সুযোগ ছিল। কিন্তু ভগবানের অমোঘ নীতি অনুসরণ করে যে কোন উৎকৃষ্ট বস্তুর মত সেই সৃষ্টিও সংখ্যায় অল্প থেকে গেল। পঞ্চাশ থেকে ষাট বছর বয়সে হেমন্ত মাঝে মাঝে জেগে উঠেছেন। আর ষাট বছর বয়সের অল্প পরেই তাঁর হার্ট অ্যাটাক হয়ে কণ্ঠের বেশ ক্ষতি করে দেয়। তা সত্বেও কয়েকটি বিখ্যাত গান তিনি এই পর্বেও গেয়েছেন। এ নিয়ে দুঃখ করার কিছু নাই। অনেক না হওয়ার দুঃখ থাকলেও যা পাওয়া গেছে তা বাঙলা গানের ইতিহাসে সর্বশ্রেষ্ঠ। কিন্তু বাঙালীর মহিমার নিরিখে হেমন্ত কত ক্ষুদ্র ছিলেন তা বোঝা যায় একটি ঘটনায়। ১৯৮৭ খ্রীষ্টাব্দে তাঁর ফ্ল্যাটে চুরি হয়ে তাঁর স্মারকগুলি চিরতরে হারিয়ে যায়। সোনাদানা মহামূল্য অলঙ্কার ইত্যাদির থেকে এগুলি হারানোর গুরুত্ব কত বেশী তা বুঝিয়ে বলার দরকার করে না। কিন্তু সুমহান বাঙালী জাতি এই চোরদের ধরতে পারেনি। কোন কিছু উদ্ধারও হয়নি। অবাক হওয়ার কি আছে, তবু ত ওখানে নোবেল পদক ছিল না।

BANGLADARSHAN.COM

এত পাতার লেখাটি মিলেনিয়ামোত্তর বঙ্গসন্তানদের ধৈর্যচ্যুতির পক্ষে যথেষ্ট হলেও হেমন্তর কথা অধিকাংশই না-বলা থেকে গেল। আরও কিছু না বললে অসম্পূর্ণ থেকে যাবে, কিন্তু পাঠকের প্রতি সহানুভুতি হারালে চলবে না। তাই বেয়ার ফ্যাক্টস এণ্ড ফিগার দিয়ে সাজিয়ে একেবারে চুম্বকাকারে হেমন্তর সঙ্গীতজীবনের তথ্যাবলী পরিবেশন করা যাক। একঘেয়েমি কাটবে আর অল্পের মধ্যে ভূমার প্রকাশ করে পাঠকের ধৈর্যের সীমা লঙ্ঘনের জন্য ক্ষমা প্রার্থনা করাও হয়ে যাবে।

১। রেডিওতে প্রথম গান।

আমার গানেতে এলে নবরূপে চিরন্তনী।

কথাঃ সুভাষ মুখোপাধ্যায়; সুর: কমল দাশগুপ্তের 'তোমার হাসিতে জাগে প্রাণের বাসন্তিকা' র অনুরূপ।

২। প্রথম গ্রামোফোন রেকর্ড। কলম্বিয়া রেকর্ডস। ১৯৩৭ খ্রীষ্টাব্দ।

জানিতে গো যদি তুমি / বল গো বল মোরে G.E.1664 (1937)

গীতিকার: নরেশ্বর ভট্টাচার্য; সুরকার: শৈলেশ দত্তগুপ্ত।

৩। প্রথম নেপথ্য সঙ্গীত বা প্লেব্যাক। নিমাই সন্ন্যাস (১৯৪০) ছবিতে।

গীতিকার: অজয় ভট্টাচার্য; সুরকার: হরিপ্রসন্ন দাস।

৪। প্রথম রেকর্ডের গানে সুরকার। ১৯৪৩।

কথা কয়োনাক শুধু শোন / আমার বিরহ আকাশে G.E. 2593 (1943)

গীতিকার: অমিয় বাগচী; সুরকার: হেমন্ত মুখোপাধ্যায়।

৫। প্রথম হিন্দী গীত রেকর্ড। ১৯৪০।

সুরকার: কমল দাশগুপ্ত।

৬। প্রথম হিন্দী ছবিতে নেপথ্য সঙ্গীত বা প্লেব্যাক। মীনাক্ষি ১৯৪২।

গীতিকার: পণ্ডিত ভূষণ; সুরকার: পঙ্কজ মল্লিক।

৭। রেডিওতে প্রথম সুরকার বা সঙ্গীত রচনার কাজ।

মহিষাসুরমর্দিনী, ১৯৪৪।

৮। প্রথম বাঙলা ছায়াছবিতে সঙ্গীত পরিচালক। অভিযাত্রী ১৯৪৭।

গীতিকার: রবীন্দ্রনাথ ঠাকুর।

৯। প্রথম হিন্দী ছায়াছবিতে সঙ্গীত পরিচালক। আনন্দমঠ ১৯৫২।

গীতিকার: শৈলেন্দ্র, হজরৎ জয়পুরী, জয়দেব। সুরকার: হেমন্ত মুখোপাধ্যায়।

১৯৪৩ খ্রীষ্টাব্দে তাঁর নিজের সুরে 'কথা কয়োনাক শুধু শোন গানটি' প্রকাশিত হওয়ার পরই হেমন্ত বাঙলা গানের জগতে প্রথম সারিতে চলে এলেন। এর পর প্রতি বৎসরই তাঁর গানের বেসিক রেকর্ড বার হতে থাকল। দ্বিতীয় মহাযুদ্ধ শেষ হয়ে যাওয়ার পর কিছুটা পরিবেশও স্বাভাবিক হয়ে এল। এর ঠিক দুএক বছর পরেই যখন তিনি

BANGODARSHAN.COM

বাঙলা সিনেমার প্লেব্যাক সিঙ্গার হিসাবে নিজেকে সুপ্রতিষ্ঠিত করে ফেলেছেন, তখনই বোম্বাইএর হিন্দী সিনেমার জগত থেকে কিছু অফার আসতে থাকল। ১৯৪৯ সাল থেকে দু চারবার যাতায়াত করতে করতে ১৯৫১ খ্রীষ্টাব্দে শশধর মুখার্জির ফিল্মিস্তান স্টুডিওতে চাকরি নিয়ে পাকাপাকি ভাবে বোম্বাই চলে গেলেন হেমন্ত। তাঁর কর্মজীবনের সিংহভাগ সেখানেই কেটেছে। বোম্বাইএর খার অঞ্চলে হেমন্তর বাড়ী 'গীতাঞ্জলী' হয়ে উঠল শিল্পীদের এক তীর্থস্থান। পরবর্তী দুটি দশক কলকাতা, বোম্বাই, কলকাতা বারবার আনাগোনা করে দুদিক ম্যানেজ করেছেন তিনি। দুএকটি সিনেমায় প্লেব্যাক করার পরই তাঁর প্রথম হিন্দী ছবির সঙ্গীত পরিচালনার কাজ পেলেন ফিল্মিস্তানে 'আনন্দমঠ' ছবিতে। গানগুলি পপুলার বা জনপ্রিয় না হলেও ছবির গল্পের পটভূমিকায় অত্যন্ত প্রাসঙ্গিক ছিল, তাই সিচুয়েশন তৈরী করাতে খুব সাহায্য করেছিল। হিন্দী সিনেমার জগতে শচীন দেববর্মণের সঙ্গীত পরিচালনায় 'জাল' ছবিতে দেবানন্দের কণ্ঠে হেমন্তর গান সুপার হিট হয়ে গেল। তিনি এক নম্বরে চলে এলেন। এর পর ১৯৫৪ খ্রীষ্টাব্দে তিনি ফিল্মিস্তানের ব্যানারে 'নাগিন' ছবির সঙ্গীত পরিচালনা করলেন, নিজে গানও গাইলেন। এই 'নাগিন' ছবিটি হয়ে গেক 'ব্লক-বাষ্টার'। হেমন্ত সঙ্গীত পরিচালকের ভূমিকাতেও প্রথম সারিতে চলে এলেন। সেই সারিতে অন্য নামগুলি ছিল, শচীন দেববর্মণ, শঙ্কর জয়কিষণ, নৌশাদ, অনিল বিশ্বাস ইত্যাদি। কিছুদিনের মধ্যে ও পি নাইয়ার এসে গেলেন। মধুমতী নিয়ে চমক দিলেন সলিল চৌধুরী। হেমন্ত যখন হিন্দী ছায়াছবিতে গান গাইতে গেলেন তখন 'ভার্সাটাইল সিঙ্গার' মহম্মদ রফি কে বাদ দিলেও হৃদয়গ্রাহী মর্মস্পর্শী রোম্যান্টিক ভয়েসে নিয়ে সেখানে বর্তমান ছিলেন, মুকেশ, তালাত মাহমুদ, উঠতি কিশোর কুমার। বেশীদিন বা সংখ্যায় খুব বেশী গান গাওয়ার সুযোগ তাই পাননি হেমন্ত। যা পেয়েছেন তার সম্যক উপযোগিতার প্রচেষ্টায় কোন ত্রুটি করেননি। পরের ব্রেকটি পেলেন সিনেমা প্রযোজনা করে। ১৯৬০ খ্রীষ্টাব্দে মায়ের মৃত্যুর পরে মায়ের নাম নিয়ে ব্যবসায় নেমেই 'বিশ সাল বাদ' নামের সেই সুপার হিট ছবি তৈরী করলেন। একা এই সিনেমার লাভের টাকায় তিনি দাঁড়িয়ে গেলেন। বিশ সাল বাদ এর পর বাণিজ্যসফল কোন ছবি তিনি আর করতে পারেননি। আসলে সময়েরও পরিবর্তন হচ্ছিল। রাজ কাপুর, দেব আনন্দদের পর উঠে আসছিলেন শাম্মী কাপুর, জয় মুখার্জী ইত্যাদিরা। সেখানে অ্যাকশন অন্য রকম। মহিলাদের ভাব পালটাচ্ছিল। রোমান্স ধীরে ধীরে 'বয় চেজিং দি গার্ল অ্যারাউণ্ড দি ট্রি' প্যাটার্ণে চলে আসছিল। হেমন্তর ফেড হওয়ার দিন এসে গেল এক দশকের মধ্যেই। সত্যি বলতে কি স্নিগ্ধ হলেও হেমন্ত ব্যাপারটা তো একটু ফেডই হয়। যেমন বোম্বাইএ কাজ কমতে লাগল সময় বেশী দিতে লাগলেন কলকাতার কাজের উপর। অনেক কালজয়ী সুরসৃষ্টি হল। বোম্বাইএর চ্যাপ্টার ক্লোজ করার আগে একটি বিষয় উল্লেখ না করলে ত্রুটি থেকে যাবে। এই ফেনমেননটির নাম 'মুকুল দত্ত'। হেমন্তর টেম্পারামেণ্টকে ম্যাচ করে তিনি যা লিখেছেন তা শষ্যশ্যামলা বঙ্গদেশে চৌদ্দপুরুষ মাছ ভাত খেয়ে জীবনযাপন করেও কারও পক্ষে করা সম্ভব নয়। যাঁরা বোঝেন তাঁদের বোঝানোর মত ভাষা যোগান শক্ত। যাঁরা বোঝেন না তাঁদের জন্য ভারবৃদ্ধি করে লাভ নেই মুকুল দত্ত যা করার করে গেছেন। যাঁরা জানেন না তাঁদের জানাই 'তার আর পর নেই নেই কোন ঠিকানা'র 'তার পর' হুইস্পারটি যার চাঁদমুখনিসৃত, তিনি মুকুল দত্তের সহধর্মিণী চাঁদ উসমানী। ১৯৪৫ থেকে ১৯৭৫ এই তিরিশ বছর হেমন্তর জীবনের কর্মব্যস্ত অংশ বলা যার। এর আগের দশক ফেড-ইন আর পরের দশক ফেড-আউট ধরলে তাঁর পঞ্চাশ বছরের সঙ্গীতজীবনের প্রকৃতি সম্বন্ধে ধারণা করতে কোন অসুবিধা হবে না। এই জীবনীর পরেই তাঁর সৃষ্ট সঙ্গীতের বিস্তারিত বিবরণ দেওয়া আছে। সেগুলির মধ্যে কোন কোনটির বিশেষ গুরুত্ব থাকলেও যেগুলি অ্যাওয়ার্ড পেয়েছে, সেগুলি বাদে বাকীগুলির বিবরণী অংশে উল্লেখ করা হল না।

গানের স্ট্যাটিস্টিক্স আর গল্প এক জিনিস আর গান আর এক জিনিস। হেমন্তর কোন গানটি কেমন তা অনেকে অনেক ভাবে বলেছেন। তিনি নিজে যেগুলিকে তাঁর প্রিয় গান বলেছেন, অধিকাংশের মতে সেগুলি তাঁর সর্বশ্রেষ্ঠ সৃষ্টি নয়। কিঞ্চিত সানুনাসিক পরিবেশনের যুগ থেকে ধীরে ধীরে বাঙলা গান যখন বেরিয়ে আসছিল তখন হেমন্ত স্পষ্ট অথচ মেদুরতা মাখানো রোমাণ্টিক কণ্ঠস্বর নিয়ে আসরে এলেন আর তার সাফল্যের সঙ্গেই

নাসিকাপ্রসূত রোমান্টিসিজম এর যুগ শেষ হয়ে গেল। ১৯৫৫ খ্রীষ্টাব্দে শাপমোচন ছবির 'শোন বন্ধু শোন'র সেই উদাত্ত কণ্ঠের বলিষ্ঠ আহ্বান সবলে আধুনিক যুগকে এবং আধুনিক গানকে কয়েক দশকের একঘেয়েমির বন্ধন থেকে মুক্ত করল। 'পথের ক্লান্তি ভুলে' এবং 'তোমার ভুবনে মাগো এত পাপ' সংযত ভাব পরিবেশনের ক্ষেত্র আর একটি দৃষ্টান্ত তৈরী করল। তাঁর ব্যালাড ধর্মী 'গাঁয়ের বধূ' বা 'পাল্কীর গান' বা 'রাণার' অনেকের খুব ফেভারিট এবং ঐতিহাসিক কারণে হেমন্ত নিজে গাঁয়ের বধূকে তাঁর অন্যতম শ্রেষ্ঠ সৃষ্টি বলে মনে করতেন। তবে গানের জগতে এগুলি দীর্ঘ কবিতার সুরেলা পাঠ মাত্র। কবিতাপ্রিয় বাঙালীর কাছে আবৃত্তির থেকে বেশ কিছুটা উচ্চমানের এই পরিবেশনা নূতন ও মনোগ্রাহী হয়ে ওঠা আশ্চর্য কিছুই নয়। আবার কবিতা গুলিও অত্যন্ত উচ্চমানের দৃশ্যকবিতা। এগুলি আলাদা একটি ক্লাস, গানের মাপকাঠিতে শ্রেষ্ঠ না হলেও বিনোদনের কার্যকারিতায় শ্রেষ্ঠ। হেমন্তর কণ্ঠে প্রায় পঞ্চাশটি গান জনপ্রিয়তায় প্রথম স্থানের কাছাকাছি থাকবে চিরকাল। এদের মধে কোনটি সর্বোত্তম সে আলোচনা না করাই ভাল। তবে হেমন্ত নিজে 'মুছে যাওয়া দিনগুলি', 'তার আর পর নেই', 'ও আকাশ প্রদীপ জ্বেল না' এবং 'তুমি এলে অনেক দিনের পরে যেন বৃষ্টি এল' গানগুলির কথা প্রায়ই উল্লেখ করতেন। আমরা 'ও নদীরে একটি কথা শোনাই শুধু তোমারে' গানটির নামও জুড়ে দিই। আরও উদার হতে গেলে সেই পঞ্চাশ সংখ্যার বেশী হওয়ার সম্ভাবনা। তাঁর হিন্দী ছায়াছবিতে গাওয়া গানগুলি সুরে ভাবে বাঙলা গানের এত কাছাকাছি যে বাঙালী শ্রোতা ওসব নিয়ে চিন্তা করতে পারতেন না। আর অবাঙালীদের কাছে শ্যামল বাঙলার বৃষ্টিস্নাত পল্লব ছুঁয়ে আসা 'দখিনা পবন' এর সুখানুভুতি নিয়ে এল হেমন্তর স্নিগ্ধ স্বর। সেই 'তেরে দ্বার খাড়া' যোগীটিকে ইগ্নোর করা কোন মতেই সম্ভব নয়। তিনি সেই দ্বার ভেঙে ঢুকলেন না। তাঁকে বরণ করে নিল পূরো ইণ্ডাষ্ট্রী আর কোটি কোটি সাধারণ মানুষ। জয় জয়কারের মধ্যে তাঁর অভিষেক হল। এই সুখশ্রাব্যতার রেশ কালের নিয়মে একদিন ক্ষীণ হয়ে এসেছিল। কিন্তু কালজয়ী সৃষ্টিগুলি অমর হয়ে হেমন্তকে অবস্মরণীয় করে রেখে দিল। একটা কথা না বললে হেমন্তর স্মৃতির প্রতি অবিচার করা হবে। কীর্তনাঙ্গ গানে হেমন্তর অল্প যে কটি উদাহরণ আছে তাতে 'নদের নিমাই' এযুগে জন্মালে কোন গলায় গান গাইতেন তা সহজেই বোঝা যায়। দু লাইনের 'কৃষ্ণনাম ভজ জীব আর সব মিছে'র সঙ্গে 'পালাবার পথ নাই' এর বিস্ময়কর সংযোজন অতুলনীয়। কিন্তু কোটিপতি রাজসিক স্বভাবের বোম্বাই প্রবাসী হেমন্তকে কীর্তন গায়ক হতে হবে এটা বলার স্পর্ধা কারও ছিল না। হয়নি, হলে ভাল হত। আরও কত কি হয়নি। যখন তাঁর গলা সুস্থ ছিল যখন তিনি যুবক ছিলেন, তখন তাঁকে দিয়ে আরও গান করানো হয়নি। হলে ভাল হত, নাকি 'আরও, ভাল হত'। পল্লীগীতি বিশেষতঃ ভাটিয়ালী কোথায় যেতে পারে তা তিনি 'জীবনপুরের পথিক রে ভাই' গেয়ে দেখিয়ে দিয়েছেন। 'ওই রাজার দুলালী সীতা বনবাসে যায় রে' অথবা 'বিষ্ণুপ্রিয়া গো আমি চলে যাই' যাত্রা ঘরানার অদ্ভুত শুদ্ধ পরিবেশনা। দু একবার শাস্ত্রীয় সঙ্গীতের ঝলকও দেখিয়েছেন। তবে তা গৌণ। হেমন্ত সর্বশ্রেষ্ঠ; সফ্ট সোবার ন্যারেশনে, সুরে গায়নে বা পঠনে। সেই বহড়ু নেই, সেই ভবানীপুরও নেই। নেই ধুতি, নেই হাতাগোটানো বাঙলা শার্ট, নেই সেই ট্রামযাত্রা, রাসবিহারী অ্যাভিনিউর বৃক্ষশ্রেণী বা গড়ের মাঠে বলখেলা। নেই বাঙলা স্কুল, নেই বাঙালী; হেমন্তর স্নিগ্ধ স্বর বিজাতীয় পরিবেশে শুষ্ক তপ্ত হাওয়ায় বাঙালীর মৃত আত্মার জন্য হাহাকার করে ভেসে বেড়ায়।

মহাপুরুষদের জীবনী লিখতে গিয়ে পাতার হিসাব রেখে কাজ করা সম্ভব নয়। তাই অ্যাবরাপ্ট ক্লোজ করার প্রচেষ্টায় তাঁর জীবনের কিছু উল্লেখযোগ্য ঘটনার উল্লেখ করে জীবনী অংশের সমাপ্তি ঘটালে ধৈর্যচ্যুতির আশঙ্কা কম। অনেকেই জানেন যে পরিণত বয়সে হেমন্তবাবুকে পদ্মশ্রী দিয়ে সম্মানিত করার প্রস্তাব এলে তিনি তা সবিনয়ে প্রত্যাখ্যান করেন। অন্ততঃ পদ্মভূষণ দিতে হবে, এই ছিল তাঁর বক্তব্য। কিন্তু বাঙালী মন্ত্রী প্রিয়রঞ্জন দাসমুন্সীর হস্তক্ষেপ সত্তেও কিছুই হয়নি। আমাদের ভাগ্যে এতদূরই হয়। আগেই উল্লেখ করা হয়েছে, তাঁর শরৎ চট্টোপাধ্যায় অ্যাভিনিউর ফ্ল্যাট থকে মূল্যবান জিনিসপত্রের সঙ্গে সব মেডেল স্মারক ইত্যাদি চুরি হয়ে যায় ১৯৮৭ খ্রীষ্টাব্দে। চুরির কোন কিনারা হয়নি, কোন কিছু উদ্ধারও হয়নি। ১৯৬০ খ্রীষ্টাব্দের ---------তারিখে তাঁর মায়ের মৃত্যু হয়

কলকাতায়। তখন তিনি বোম্বাইতে ছিলেন। মায়ের মৃত্যুসংবাদ টেলিফোনের পাবার পর কিভাবে একটি জাল (জাপান এয়ারলাইন্স্) ফ্লাইটে তাঁর পরিবারের আসার ব্যবস্থা করে দিয়েছিলেন এয়ারলাইন্স্ ও এয়ারপোর্ট কর্তৃপক্ষ সেটা তিনি বলেছেন অনেককে। তিনি মনে করতেন তাঁর মায়ের আশীর্বাদেই এটা সম্ভব হয়েছিল। সেই বছরই তিনি 'বিশ সাল বাদ' ছবিটি প্রযোজনা করেন, এবং এই একটি ছবিই তাঁকে সারা জীবনের পাথেয় যোগায়। এটিও তাঁর মায়ের দান বলে তাঁর ধারণা ছিল। উত্তমকুমারের মৃত্যুতে তাঁর বক্তব্য 'উত্তম আমার ভাই', কোন বিস্তারিত ব্যাখ্যার অপেক্ষা রাখে না। তাঁরা দুজনে একই ভাবের দুই বহিঃপ্রকাশ। এর কিছুদিন পরে তাঁর নিজেরও স্ট্রোক হয়। কণ্ঠস্বরের ক্ষতিও হয়ে গেল। বুঝতে পারছিলেন, একট যুগ শেষ হওয়ার মুখে। বোম্বাইতে তাঁর বাড়ী গীতাঞ্জলি ছেলের আমলে 'গীতাঞ্জলি' নামের একটি অ্যাপার্টমেণ্ট হাউসে পরিণত। হেমন্ত নামটা জোড়ার কথা বংশধরেরা ভাবতে পারেন নি। হেমন্তর বাংলাদেশ যোগাযোগের কথা সুবিদিত। বাংলাদেশ স্বাধীন হওয়ার কিছু পরই ১৯৭২ খ্রীষ্টাব্দে তিনি সেখানে যান এবং সম্বর্ধনা লাভ করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে তাঁর ব্যক্তিগত আলাপ হয়েছিল। মৃত্যুর অল্পদিন পূর্বে ১৯৮৯ খ্রীষ্টাব্দে তিনি আবার বাংলাদেশে যান। এবার তাঁকে অসাধারণ সম্বর্ধনা দেয় ঢাকার মানুষ। কলকাতায় তাঁর নামে যে রাস্তার নামকরণ করা হয়েছে (সি. আই. টি. স্কিম নং XLVII (লেক ভিউ রোড জং হইতে রাসবিহারী এভিঃ জং পর্যন্ত)) তা নিয়ে কিছু না বলাই ভাল। দুর্গাপুরে একটি ছোট রাস্তা তাঁর নামে করা হয়েছে। এর বেশী কিছু তাঁর প্রাপ্য নয়। তিনি যাদের জন্য গান গেয়েছেন, তারা এতই ছোট, এতই হীন। শূদ্রায়িত বঙ্গের ক্ষুদ্রমনা মানুষের দলে হেমন্তর উদার উদাত্ত কণ্ঠ, বা রাজসিক মহানুভবতা কোন কাজের জিনিস নয়। হেমন্তর পুত্র জয়ন্ত ও পুত্রবধু মৌসুমী চট্টোপাধ্যায় মুম্বাইতে থাকেন। তাঁদের দুই কন্যা সুপ্রতিষ্ঠিত। কন্যা রাণুর জীবন ততটা সফল নয়। গৌতম মুখোপাধ্যায়ের সঙ্গে বিবাহের পর বাবার সংসর্গে বঞ্চিত। হেমন্তর লিগেসী লোপ পেয়েছে। আছে তাঁর গান আর ব্যক্তিত্বের অল্প কিছু পরিচয়। দরিদ্র হতশ্রী বাঙালী সমাজ এটা হারাতেও বেশী দেরী করবে বলে মনে হয় না।

জীবনের সম্বন্ধে কিছু বলার পর গানের কথায় আসা যাক। তবে গানের আলোচনা নয়, কেবল নীরস লিষ্ট বা স্ট্যাটিষ্টিক্স। তাঁর গাওয়া গানগুলির একটি প্রায় সম্পূর্ণ তালিকা প্রণয়ন করেছেন শ্রী জয়দীপ চক্রবর্তী। সেই তথ্যের ভিত্তিতে তাঁর সঙ্গীতসৃষ্টির বিবরণ দেওয়া হল। পাঠকদের অনুরোধ, ভুল থাকলে বা কিছু অন্তর্গত না হলে আমাদের জানান, bangodarshan@gmail.com ঠিকানায়। সকলের চেষ্টায় হেমন্তর স্মৃতিচারণ ঋদ্ধ হয়ে উঠুক। এই সব তথ্যের সঙ্গে শ্রী শঙ্করলাল ভট্টাচার্য কৃত পূর্বের তালিকা ও শ্রী অর্ঘ্য চট্টোপাধ্যায় কৃত ইংরাজী তালিকাও ব্যবহার করা হয়েছে। শ্রী সুশান্ত চট্টোপাধ্যায় এর সহযোগিতা ও উপদেশ তালিকাটিকে পাঠকের কাছে মনোগ্রাহী করতে সাহায্য করেছে।

উপরের জীবনকাহিনী গায়ক হেমন্তের, যা "হেমন্তের স্নিগ্ধ স্বর" নামে বঙ্গদর্শনের মধুর সঙ্গীত বিভাগের গায়ক/গায়িকা বা সিঙ্গার অনুচ্ছেদে প্রদর্শিত হচ্ছে। সুরকার হেমন্ত গায়ক হেমন্তের বাই-প্রডাক্ট। কিন্তু সুরকার হেমন্তের কর্মকাণ্ড বিশাল। তিনিই বাঙালীর সর্বশ্রেষ্ঠ সুরকার, সংখ্যায় এবং গুণমানে। সহস্রাধিক গানে সুর দিয়েছেন হেমন্ত। প্রায় দেড়শো সিনেমার তিনি সুরকার। এর সম পরিমাণ আছে হিন্দীতে। যদিও এই সব গানের অধিকাংশ হেমন্তের নিজের গান, তবুও বাকী এক অংশের গৌরবেই হেমন্ত এক নম্বরে যাবার যোগ্য। গানগুলি অতি পরিচিত, সর্বত্র পাওয়া যায়। সুতরাং তার বিশ্লেষণ না করে, যেটুকু না বললে নয়, তাই বলে বিবরণী শেষ করা যাক। সমরেশ রায় হেমন্তের সহকারী পরিচালক, (মুরলী বাজে প্রেম বৃন্দাবনের গায়ক) বন্ধুর কাজ করে গেছেন আজীবন। এই নীরব সহকারী না থাকলে হেমন্তর সৃষ্টিগুলি কতটা সফল হত বলা শক্ত। আরও কয়েক জন ছিলেন, যন্ত্রীদের কথা কেউ বলে না। সে সব উপযুক্ত সময়ে সঠিক স্থানে বিবৃত হবে।

BANGODARSHAN.COM

বেসিক রেকর্ড

আমি পাহাড়ী ঝর্ণা	ঝর্ণা দে		GE 2592	১৯৪২
মনে আছে	ঝর্ণা দে			১৯৪২
ওগো চির বেদনার	হেমন্ত মুখোপাধ্যায়	শিশির সেন	GE 2604	১৯৪৩
কত ব্যথা আমি	হেমন্ত মুখোপাধ্যায়	শিশির সেন		১৯৪৩
আজিও কি হায় অঙ্গনে	অজিত কুমার বন্দ্যোপাধ্যায়	নরেশ্বর ভট্টাচার্য	GE 2637	১৯৪৩
তব মিলনের লগনে	অজিত কুমার বন্দ্যোপাধ্যায়	অমিয় বাগচী		১৯৪৩
এস কুঞ্জে গো মধু জোছনায়	হেমন্ত মুখোপাধ্যায়	অমিয় বাগচী	GE 2684	১৯৪৪
আজ কোন কথা নয়	হেমন্ত মুখোপাধ্যায়	অমিয় বাগচী		১৯৪৪
মোর ব্যথা যমুনার দুই তীরে	হেমন্ত মুখোপাধ্যায়	অমিয় বাগচী	GE 2783	১৯৪৫
বাদল মেঘের ছায়ায় ছায়ায়	হেমন্ত মুখোপাধ্যায়	অমিয় বাগচী		১৯৪৫
কেন চম্পক জাগিল না	সমরেশ রায়	অমিয় বাগচী	GE 2816	১৯৪৫
সে কোন ভাদরে	সমরেশ রায়	অমিয় বাগচী		১৯৪৫
আজিও কি মোর ফুরালো	সুনীল বন্দ্যোপাধ্যায়	শিশির সেন	H 1184 G	১৯৪৫
ফাগুন বনের পাখী	সুনীল বন্দ্যোপাধ্যায়	প্রভব মুখোপাধ্যায়		১৯৪৫
সেই যে মাধবী রাতি	আভা বসু	সুশীল ঘোষ	H 1193 G	১৯৪৫
ঝরে আঁখি লোর	আভা বসু	সুশীল ঘোষ		১৯৪৫
স্বপন ঘুমে মগন ছিলেম	হেমন্ত মুখোপাধ্যায়	অলকা উকিল	GE 2970	১৯৪৬
মনে হল তুমি এলে	হেমন্ত মুখোপাধ্যায়	অলকা উকিল		১৯৪৬
মাধবীর স্বপনে এসেছে	হেমন্ত মুখোপাধ্যায়	অমিয় বাগচী	GE 2917	১৯৪৬
তোমার দুয়ার খানি খোলা	হেমন্ত মুখোপাধ্যায়	অমিয় বাগচী		১৯৪৬
নামে ব্যথিত বাদল সন্ধ্যা	বেলা মুখোপাধ্যায়	অমিয় বাগচী	H 1222 G	১৯৪৬
স্বপনের আঙিনায়	বেলা মুখোপাধ্যায়	নরেশ্বর ভট্টাচার্য		১৯৪৬
সেদিন আকাশে উঠেছিল চাঁদ	অপর্ণা বসু রায়	দিলীপ সরকার	GE 2931	১৯৪৬
জানি প্রিয় জানি	অপর্ণা বসু রায়	মোহিনী চৌধুরী		১৯৪৬
যদি কভু পড়ে মনে	রাজা গঙ্গোপাধ্যায়	সুধীর মুখোপাধ্যায়	H 1259 G	১৯৪৬
বনপথে নিরালায়	রাজা গঙ্গোপাধ্যায়	কার্তিক দেব		১৯৪৬
জয় হোক শুভদিন	হেমন্ত মুখোপাধ্যায়	নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়	GE 7340	১৯৪৭
গাও তাহাদের গান	হেমন্ত মুখোপাধ্যায়	নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়		১৯৪৭
তোমার পায়ের কাছে সহঃ বেলা ও সমরেশ রায়	হেমন্ত মুখোপাধ্যায়	গৌরীপ্রসন্ন মজুমদার	GE 7093	১৯৪৭
কথা ছিল, কথা ছিলসহঃ বেলা ও সমরেশ রায়	হেমন্ত মুখোপাধ্যায়	গৌরীপ্রসন্ন মজুমদার		১৯৪৭

BANGLADARSHAN.COM

হারিয়ে গেলাম	বেলা মুখোপাধ্যায়	অমিয় বাগচী	H 1271 G	১৯৪৭
মাধবী জাগো	বেলা মুখোপাধ্যায়	অমিয় বাগচী		১৯৪৭
মালাখানি মোর	শেফালী বসু(মিত্র)	নির্মল দেব	RL 1427	১৯৪৭
রহি যবে আনমনে	শেফালী বসু(মিত্র)	সুধীর মুখোপাধ্যায়		১৯৪৭
শুধানু কত যে তারে	অণিমা দাশগুপ্ত	অলকা উকিল	GE 7126	১৯৪৭
শ্রাবণ কাঁদিয়া যায়	অণিমা দাশগুপ্ত	অলকা উকিল		১৯৪৭
স্বপন সাগর পার হতে	সুধীন চট্টোপাধ্যায়	নির্মল গঙ্গোপাধ্যায়	H 1282	১৯৪৭
তুমি কি দেখেছ প্রিয়	সুধীন চট্টোপাধ্যায়	সুধীন্দ্র নিয়োগী		১৯৪৭
কোন স্বপনের অচিন পুরে	বেলা মুখোপাধ্যায়	নরেশ্বর ভট্টাচার্য	H 1289	১৯৪৭
ফাগুন বনের পাখী	বেলা মুখোপাধ্যায়	সুধীর সরকার		১৯৪৭
আমলকী বন(প্রিয়তমা ছবির গান)	সুপ্রভা সরকার	গৌরীপ্রসন্ন মজুমদার	H 1319	১৯৪৮
আমলকী বন(প্রিয়তমা ছবির গান)	সুপ্রভা সরকার	গৌরীপ্রসন্ন মজুমদার		১৯৪৮
এনেছিনু তব দ্বারে	সুশীল চক্রবর্তী	পবিত্র মিত্র	H 1324 G	১৯৪৮
বাঁশী শুধু জানে হায়	সুশীল চক্রবর্তী	পবিত্র মিত্র		১৯৪৮
তোমার ভুবন মাঝে	প্রফুল্ল সিন্‌হা	প্রফুল্ল সিন্‌হা	H 1329 G	১৯৪৮
এ জনমে প্রিয়া	প্রফুল্ল সিন্‌হা	অজিত দে		১৯৪৮
ওই নীল গগনের সুদূর	শচীন গুপ্ত	গৌরীপ্রসন্ন মজুমদার	GE 7284	১৯৪৮
ওই	শচীন গুপ্ত	গৌরীপ্রসন্ন মজুমদার		১৯৪৮
রাতের নীরবতা	শচীন গুপ্ত	সুখময় ভট্টাচার্য	GE 7381	১৯৪৮
কুঞ্জের মাধবী দোলে	শচীন গুপ্ত	সুখময় ভট্টাচার্য		১৯৪৮
আঁখি জানে আঁখি জল	সত্যেন দেব	সুধীর সরকার	RL 1479	১৯৪৮
বারে বারে শুধু	সত্যেন দেব	রমেন চৌধুরী		১৯৪৮
তোমার বিরহ চোখে আনে জল	হেমন্ত মুখোপাধ্যায়	গৌরীপ্রসন্ন মজুমদার	GE 7268	১৯৪৯
ওই	হেমন্ত মুখোপাধ্যায়	অমিয় বাগচী		১৯৪৯
এই তো এলে এখনি নাইবা গেলে	হেমন্ত মুখোপাধ্যায়	গৌরীপ্রসন্ন মজুমদার	GE 7775	১৯৪৯
ফুরালো সুর ফুরালো গান	হেমন্ত মুখোপাধ্যায়	গৌরীপ্রসন্ন মজুমদার		১৯৪৯
কেন আজি অকারণ	বেলা মুখোপাধ্যায়	হীরেন বসু	H 1358 G	১৯৪৯
চঞ্চল মৌসুমী বায়	বেলা মুখোপাধ্যায়	হীরেন বসু		১৯৪৯
জ্বালিব নয়নে দীপালি	নিবেদিতা দাশ	দীনেশ দাস	GE 7598	১৯৪৯
‘দিনের পর দিন’ বাণীচিত্রের গান				১৯৪৯
আমার ভুবন হতে	সমরেশ রায়	গৌরীপ্রসন্ন মজুমদার	GE 7612	১৯৪৯
এই যে মোদের মিলন হল	সমরেশ রায়	গৌরীপ্রসন্ন মজুমদার		১৯৪৯
এই আছো এই নাই	বেলা মুখোপাধ্যায়	গৌরীপ্রসন্ন মজুমদার	GE 7664	১৯৪৯
